অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2023 গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল দেশের শীর্ষস্থানীয় বৈদ্যুতিক যানবাহন অবকাঠামো নির্মাণ কর্মসূচিতে এগিয়ে যাচ্ছেন

প্রোগ্রাম পরিবর্তনগুলি EV চার্জিং অবকাঠামোর বিকাশকে ত্বরান্বিত করবে এবং চার্জিং অবকাঠামোতে মোট বিনিয়োগে 4 বিলিয়ন মার্কিন ডলার স্টিমুলেট করবে

সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে সহায়তা কর্মসূচির জন্য 372 মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ সহ সামগ্রিক EV বাজেট 701 মিলিয়ন মার্কিন ডলার থেকে 1.24 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি পেয়েছে

পরিবর্তনগুলোর লক্ষ্য বৈদ্যুতিক যানবাহন গ্রহণ বৃদ্ধি করা, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (New York State Public Service Commission) শূন্য-নির্গমন বৈদ্যুতিক যানবাহনে রূপান্তরকে ত্বরান্বিত করার জন্য নিউ ইয়র্কের বৈদ্যুতিক যান "মেক-রেডি" প্রোগ্রামে আমূল পরিবর্তন এনেছেন। বর্তমানের পরিবর্তনগুলো সক্ষমতার উদ্বেগ মোকাবেলা করতে এবং নিউ ইয়র্কবাসীদের সুবিধাজনক এবং নির্ভরযোগ্য EV চার্জিংয়ের অ্যাক্সেস নিশ্চিত করতে EV চার্জিং অবকাঠামোর বিকাশকে গতিশীল করার জন্য ডিজাইন করা হয়েছে। সম্মিলিতভাবে, আজ ঘোষিত প্রোগ্রামগুলো বৈদ্যুতিক গাড়ির চার্জিং অবকাঠামোতে মোট বিনিয়োগে 4 বিলিয়ন মার্কিন ডলার স্টিমুলেট করবে বলে আশা করা হচ্ছে। প্রতিদিন আরও বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী বৈদ্যুতিক গাড়ি ব্যবহারকারী হয়ে উঠছেন, বর্তমানে রাস্তায় 175,000 বৈদ্যুতিক বা প্লাগ-ইন হাইব্রিড EV রয়েছে এবং 2030 সালের মধ্যে প্রায় 3 মিলিয়ন হবে বলে ধারণা করা হয়।

"আমাদের জাতির শীর্ষস্থানীয় জলবায়ু লক্ষ্য অর্জনে পৌঁছাতে, নিউ ইয়র্ক একটি পরিচ্ছন্ন পরিবহন ভবিষ্যতের দিকে আমাদের রূপান্তরকে শক্তি যোগাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আরো নিউ ইয়র্কবাসী বৈদ্যুতিক যানবাহনের দিকে ঝুঁকছেন এবং আমরা স্টেট জুড়ে অ্যাক্সেসযোগ্য চার্জিং অবকাঠামো তৈরির জন্য কঠোর পরিশ্রম করছি। একটি পরিচ্ছন্ন ও টেকসই ভবিষ্যত গড়ে তুলতে সহায়তা করার মাধ্যমে আজ ঘোষিত প্রোগ্রামের অগ্রগতি আরো বেশি লোককে EV এর মালিক হতে উৎসাহিত করবে।"

পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ররি এম. ক্রিশ্চিয়ান বলেন, "PSC দীর্ঘদিন ধরে নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জনে পরিবহন খাতের বৈদ্যুতিকীকরণের গুরুত্ব স্বীকার করেছে। এসব লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে PSC বৈদ্যুতিক যানবাহন (electric vehicle, EV) চার্জিং অবকাঠামো উন্নয়নে উৎসাহিত করার জন্য নীতিমালা গ্রহণ করেছে এবং আজকের এই সিদ্ধান্ত আমাদের দেশের নেতৃস্থানীয় EV প্রোগ্রাম নিয়ে এগিয়ে যাচ্ছে।

পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) কর্তৃক অনুমোদিত পরিবর্তনগুলোর মধ্যে রয়েছে সামগ্রিক রেটপেয়ার-অর্থায়িত EV মেক-রেডি প্রোগ্রামটি 701 মিলিয়ন মার্কিন ডলার থেকে 1.24 বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলির প্রোগ্রামগুলোকে সহায়তা করার জন্য 372 মিলিয়ন মার্কিন ডলার তহবিল, যা পূর্ববর্তী বাজেট 206 মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় একটি জোরালো বৃদ্ধি। বাজেট বৃদ্ধির মধ্যে রয়েছে সরাসরি বর্তমান দ্রুত চার্জিং প্রোগ্রামের লক্ষ্যমাত্রা 1,500 থেকে 6,302 চার্জিং স্টেশনে সম্প্রসারণ করা এবং পাশাপাশি নিউ ইয়র্ক জুড়ে EV চার্জিং পরিকাঠামোর নির্মানকে ত্বরান্বিত করার জন্য উচ্চতর প্রণোদনার মাত্রা অন্তর্ভুক্ত করা হয়েছে।

সকল নিউ ইয়র্কবাসী পরিচ্ছন্ন পরিবহনে বিনিয়োগ থেকে উপকৃত হয় তা নিশ্চিত করে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বিনিয়োগ 81 শতাংশ বৃদ্ধি পেয়ে বিভিন্ন কর্মসূচিতে 372 মিলিয়ন মার্কিন ডলার হয়েছে। নিউ ইয়র্ক জুড়ে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ই-বাইক, ই-স্কুটার এবং অন্যান্য ধরনের বৈদ্যুতিক গতিশীলতার জন্য চার্জিং অবকাঠামো সমর্থন করে, আজকের সিদ্ধান্তটি একটি নতুন, উদ্ভাবনী মাইক্রো-মোবিলিটি মেক-রেডি প্রোগ্রাম চালু করেছে।

এছাড়াও বর্তমানে, বাণিজ্যিক গ্রাহকদের জন্য পরিকল্পিত মিডিয়াম- এবং হেভি-ডিউটি মেক-রেডি পাইলট বাজেট দ্বিগুণেরও বেশি অর্থাৎ 58 মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে নির্গমন হ্রাসকে লক্ষ্য করে উপযুক্ত খরচ এবং যানবাহন সম্পর্কিত আবেদনকারীদের জন্য নমনীয়তা বৃদ্ধি যুক্ত হয়। PSC আশা করে যে মিডিয়াম- এবং হেভি-ডিউটি মেক-রেডি পাইলট পরিবর্তনগুলো এই গুরুত্বপূর্ণ সেক্টরে বিনিয়োগ উন্মুক্ত করবে এবং ফ্লিট মালিক এবং ইউটিলিটিগুলোর জন্য গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা তৈরি করবে, যেহেতু কমিশন একটি পৃথক প্রক্রিয়ায় বৃহত্তর প্রোগ্রামেটিক চাহিদা বিবেচনা করে।

অবশেষে, PSC একটি পৃথক আদেশে বাণিজ্যিক EV-চার্জিং গ্রাহকদের জন্য নতুন সুবিধাজনক রেট এবং প্রোগ্রাম অনুমোদন করেছে। নতুন প্রোগ্রামের অধীনে, বাণিজ্যিক EV-চার্জিং তাদের ডেলিভারি বিলের ডিমান্ড চার্জ খরচের 50 শতাংশ পর্যন্ত রেয়াত বা ভর্তুকি পাওয়ার অধিকারী হবে। ডাউনস্টেট নিউ ইয়র্কের বাণিজ্যিক EV-চার্জিং গ্রাহকরাও গ্রিডের জন্য উপকারী আরো বেশি সাশ্রয় পাওয়ার জন্য নতুন পরিচালিত চার্জিং প্রোগ্রামগুলোতে অংশগ্রহণের যোগ্য হবেন। বাণিজ্যিকভাবে পরিচালিত চার্জিং প্রোগ্রামগুলো এখনও আপস্টেট নিউ ইয়র্কের উন্নয়নের অধীনে এবং 2024 সালে উপলভ্য হবে বলে আশা করা হচ্ছে।

লিফট ক্যারোলিন সাম্পোনারোর পাবলিক পলিসির ভিপি বলেন, "জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবগুলোকে প্রতিহত করতে সাহায্য করার জন্য আমাদের পরিবহন নেটওয়ার্ককে

বিদ্যুতায়িত করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এরকম একটি লক্ষ্য আমরা নিউ ইয়র্ক স্টেটের সাথে শেয়ার করি। এই জন্যই বর্তমানে এখানে যে বিনিয়োগ করা হচ্ছে তা এত গুরুত্বপূর্ণ। এগুলো ব্যাপকভাবে EV গ্রহণের প্রাথমিক বাধাগুলো ডিঙ্গিয়ে যেতে সাহায্য করবে, পাশাপাশি আমাদের রাস্তায় সিটি বাইক ইবাইকগুলো চার্জ করার সুযোগও দেবে। এই গুরুত্বপূর্ণ ইস্যুতে নেতৃত্বের জন্য আমরা গভর্নর হোকল এবং পাবলিক সার্ভিস বিভাগকে (Department of Public Service) সাধুবাদ জানাই।"

CALSTART এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জন বোয়েসেল বলেন "গভর্নর হোকলের আজকের ঘোষণা বিদ্যুতায়িত পরিবহনে একটি বিস্তৃত রূপান্তরের জন্য সময়সূচি সেট করে, সম্প্রসারিত অ্যাক্সেস প্রদানের উপর অত্যন্ত প্রয়োজনীয় ফোকাস এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য নির্মল বায়ু সহ নিউ ইয়র্কের নতুন এবং উন্নত প্রোগ্রামগুলো আরো ড্রাইভার, ফ্লিট এবং কমিউনিটির কাছে পরিচ্ছন্ন পরিবহনের সুবিধা নিয়ে আসবে।"

নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA) এর প্রধান সম্পদ এবং মূলধন ব্যবস্থাপনা কর্মকর্তা শান মাভানি বলেন "গভর্নর হোকল এবং PSC কর্তৃক ঘোষিত এই পরিবর্তনগুলো মাইক্রো-মোবিলিটি এবং EV চার্জিং উদ্যোগগুলোর সম্ভাব্যতার জন্য যা NYCHA পাইলটিং বা অন্বেষণ করছে, NYCHA এর বাসিন্দাদের এবং আমাদের প্রপার্টির আশেপাশের বৃহত্তর কমিউনিটিগুলোকে উপকৃত করার জন্য এবং আমাদের স্টেট এবং সিটির উচ্চাভিলাষী EV চার্জিং এবং জলবায়ু পরিকল্পনা্র জন্য অবদান রাখতে গুরুত্বপূর্ণ।"

প্রধান নির্বাহী কর্মকর্তা এবং রেভেল ফ্রাঙ্ক রিগ এর সহ-প্রতিষ্ঠাতা বলেন "গভর্নর হোকল নিউ ইয়র্কে EV-এর দ্বার খুলে দিয়েছেন এবং তাদের সাথে আমাদের স্টেটের জন্য একটি অধিকতর পরিচ্ছন্ন ভবিষ্যতের প্রতিশ্রুতি দিয়ে, রাভেল সেই কমিউনিটিগুলোর কাছে পাবলিক ফাস্ট চার্জিং অবকাঠামোর বৃহত্তম নেটওয়ার্ক নিয়ে আসছে যা শূন্য-নির্গমন EV থেকে সবচেয়ে বেশি উপকৃত হবে৷ গভর্নরের নতুন নির্মান প্রোগ্রাম নিশ্চিত করে যে NYC এর প্রতি আমাদের প্রতিশ্রুতি সফল হবে।"

লিভিংস্টনের সহ-প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট জেসন জারিলো বলেন "লিভিংস্টন এনার্জি গ্রুপ গভর্নর এবং PSC-কে ড্রাইভিং EV গ্রহণ করতে তাদের চলমান প্রতিশ্রুতির জন্য সাধুবাদ জানায়। আমরা প্রয়োজনীয় EV অবকাঠামো স্থাপনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং আমাদের নিউ ইয়র্ক অবস্থানগুলোতে একশোরও বেশি কর্মী যোগ করার পাশাপাশি একটি অত্যাধুনিক উৎপাদন সুবিধার জন্য মিলিয়ন মিলিয়ন ডলার বিনিয়োগ করেছি৷ আমরা সমগ্র নিউ ইয়র্ক জুড়ে হাজার হাজার চার্জার ইনস্টল করেছি, আমাদের অনেক গ্রাহক মেক রেডি প্রোগ্রামের সুবিধাগুলো ব্যবহার করে। এটি এই ধরনের প্রোগ্রাম যা গ্রাহকদের EV কেনার ক্ষেত্রে আত্মবিশ্বাসী বোধ করতে সক্ষম করে।"

পরিবেশ প্রতিরক্ষা তহবিলের গ্রিড আধুনিকীকরণ কৌশল পরিচালক পামেলা ম্যাকডুগাল বলেন "আমরা গভর্নর হোকল এবং পাবলিক সার্ভিস কমিশনকে যানবাহন চার্জিংকে অগ্রাধিকার দেওয়া এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য তহবিলের

অ্যাক্সেসযোগ্যতা উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণের জন্য প্রশংসা করি। স্টেটের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যে পৌঁছানোর একটি প্রয়োজনীয় পদক্ষেপ, বৈদ্যুতিক গাড়ির চার্জিংয়ের জন্য তহবিলের সম্প্রসারণ নিউ ইয়র্ককে বৈদ্যুতিক যানবাহনে রূপান্তরকে সমর্থন করার জন্য জাতীয় নেতা হিসাবে আরো সুদৃঢ় করে। পরিবেশ প্রতিরক্ষা তহবিল মিডিয়াম- এবং হেভি-ডিউটি গাড়ি চার্জিং অবকাঠামো বাস্তবায়ন ও সম্প্রসারণের প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপের মাধ্যমে স্টেটকে সমর্থন অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

আজকের সিদ্ধান্ত কমিশনের ওয়েব সাইট www.dps.ny.gov এর কমিশন ডকুমেন্টস বিভাগে গিয়ে এবং ইনপুট বক্স লেভেলে "Search for Case/Matter Number (কেস/বিষয় নম্বর অনুসন্ধান করুন)" এ কেস নম্বর 18-E-0138 [EV সরবরাহ সরঞ্জাম ও অবকাঠামো] এবং 22-E-0236 [বাণিজ্যিক বৈদ্যুতিক যানবাহন চার্জিংয়ের জন্য ঐতিহ্যগত চাহিদা-ভিত্তিক রেটের কাঠামোর বিকল্প] লেখার মাধ্যমে পাওয়া যেতে পারে। অনেক লাইব্রেরী বিনামূল্যে ইন্টারনেট অ্যাক্সেস প্রদান করে। কমিশনের ফাইল অফিস, 14th floor, Three Empire State Plaza, Albany, NY 12223 (518-474-2500) থেকেও কমিশনের কাগজপত্র পাওয়া যেতে পারে।

আপনার যদি ইংরেজি বুঝতে অসুবিধা হয়, তাহলে এই প্রেস বিজ্ঞপ্তি সম্পর্কে বিনামূল্যে ভাষা সহায়তা সেবার জন্য অনুগ্রহ করে 1-800-342-3377 নম্বরে কল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন